The Financial Express

TUESDAY, 14 JANUARY 2025

# DCCI urges S Korea to hire skilled human resources



**South Korean Ambassador in Bangladesh PARK Young Sik paid a courtesy visit to DCCI and had a bilateral meeting with its President Taskeen Ahmed at DCCI on Monday.**

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) urged South Korea on Monday to hire more skilled human resources from Bangladesh, reports BSS.

The chamber made the call while South Korean Ambassador in Bangladesh PARK Young Sik paid a courtesy visit to DCCI and had a bilateral meeting with its President Taskeen Ahmed, said a press release.

During the meeting, Taskeen Ahmed said the bilateral trade between both the countries in the fiscal year 2023-24 was US$1.39 billion while the import and export were $902.90 million and $491.73 million respectively.

South Korea is the third largest investor in Bangladesh, having already invested $1.56 billion, he said.

Moreover, RMG, ship-building, leather and leather products, API, automobiles, electronics, semiconductor, information technology and other sectors are also potential to attract Korean FDI, he said.

Taskeen said: "Our educated young freelancers have now been doing very well in designing in the semiconductor industry recently, and hoped for South Korea's all out cooperation in its technological advancement further."

PARK Yong-Sik said it is important for Bangladesh to simplify the visa issuance and renewal processes, speed up the customs clearance procedures, expedite the services provided by the BIDA, keep the corporate tax rate at a tolerable level and reduce logistics costs to attract foreign investment more.

Bangladesh has a great potential for foreign investment due to its large pool of human resources, geographically strategic location and large consumer market, he said.

Besides, Yong-Sik said, there is a lot of scope for foreign investment in Bangladesh in the sectors like electronics, mobile, automobile, information technology, RMG etc.

The Ambassador also said South Korea has been assisting in various technical training centres in Bangladesh for capacity development and creating skilled human resources.

He later said that Bangladesh is going to graduate from LDC to middle income country in 2026, if South Korean industries can collaborate or make joint ventures with Bangladeshi companies, it will then create an opportunity for local entrepreneurs to have access to high-end technology that would help Bangladesh face the post-LDC challenge.

Later, Senior Vice-President of the DCCI Rajeev H Chowdhury called upon the South Korean agro-based investors to invest in Bangladesh through joint ventures especially in the agro-processing sector.

DCCI Vice President Md Salim Solaiman and high officials from the Embassy were also present on the occasion.

The Daily Star
TUESDAY, 14 JANUARY 2025

# Bangladesh has huge potential to attract foreign investment

## South Korean ambassador says

STAR BUSINESS DESK

Bangladesh has significant potential for foreign investment due to its large pool of human resources, strategically advantageous location, and sizable consumer market, said PARK Young Sik, the South Korean ambassador to Bangladesh.

He made the remarks during a courtesy meeting with Taskeen Ahmed, president of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI), in the capital yesterday, according to a press release.

The South Korean ambassador offered several suggestions to simplify bilateral trade between Bangladesh and South Korea and attract more foreign investment.

PARK Young Sik emphasised the need to simplify visa issuance and renewal processes, speed up customs clearance procedures, improve services provided by the Bangladesh Investment Development Authority, maintain a competitive corporate tax rate, and reduce logistics costs to make the investment climate more appealing.

He also highlighted significant opportunities for foreign investment in sectors such as electronics, mobile phones, automobiles, information technology, and readymade garments (RMG) in Bangladesh.

Taskeen Ahmed, president of the DCCI, noted that bilateral trade between the two countries in the fiscal year 2023–24 reached $1.39 billion, with imports amounting to $902.90 million and exports totalling $491.73 million. He also underscored that South Korea is Bangladesh's third-largest investor, with investments totalling $1.56 billion.

In addition, sectors such as RMG, shipbuilding, leather and leather products, active pharmaceutical ingredients (APIs), automobiles, electronics, semiconductors, and information technology hold significant potential to attract South Korean foreign direct investment (FDI).

Taskeen urged South Korea to hire more skilled human resources from Bangladesh, highlighting that the country's educated young freelancers have recently excelled in semiconductor industry design.

He expressed hope for increased cooperation from South Korea to help advance Bangladesh's technological capabilities.

The ambassador noted that South Korea has been supporting Bangladesh through various technical training centres aimed at capacity development and creating skilled human resources.

He also pointed out that Bangladesh is set to graduate from least developed country (LDC) status to middle-income country status by 2026.

"If South Korean industries can collaborate or form joint ventures with Bangladeshi companies, it will create opportunities for local entrepreneurs to access high-end technology, which will help Bangladesh face post-LDC challenges," he added.

TRUE & IMPARTIAL
daily sun
TUESDAY, 14 JANUARY 2025

# 'Hire more Bangladeshi workforce in South Korea'




**Daily Sun Report**, *Dhaka*

**The** Dhaka Chamber of Commerce & Industry (DCCI) President, Taskeen Ahmed, urged South Korea to increase its recruitment of skilled manpower from Bangladesh.

He made the call during a bilateral meeting with the South Korean Ambassador to Bangladesh, Park Young-Sik, who paid a courtesy call on him on Monday.

The president of DCCI said "Our educated young freelancers have now been doing very well in designing in the semiconductor industry recently."

During the meeting, DCCI President Taskeen Ahmed said that the bilateral trade between the two countries in the fiscal year 2023-24 was US$1.39 billion, while the import and export were $902.90 million and $491.73 million respectively.

He mentioned that South Korea is the third largest investor in Bangladesh, having already invested $1.56 billion.

Moreover, RMG, ship-building, leather and leather products, API, automobiles, electronics, semiconductor, information technology and other sectors are also potential to attract South Korean Foreign Direct Investment (FDI).

Taskeen hoped for South Korea's all out cooperation in its technological advancement further.

South Korean Ambassador to Bangladesh Park Young-Sik said it is important for Bangladesh to simplify the visa issuance and renewal processes, speed up the customs clearance procedures, expedite the services provided by the BIDA, keep the corporate tax rate at a tolerable level and reduce logistics costs to attract foreign investment more.

He said Bangladesh has a great potential for foreign investment due to its large pool of human resources, geographically strategic location and large consumer market.


The envoy also said South Korea has been assisting in various technical training centres in Bangladesh for capacity development and creating skilled human resources.

"Bangladesh is going to graduate from LDC to middle income country in 2026. If South Korean industries can collaborate or make joint ventures with Bangladeshi companies, it will create an opportunity for local entrepreneurs to have access to high-end technology that would help Bangladesh face the post-LDC challenge," he added.

DCCI Senior Vice President Rajeev H Chowdhury later called upon the South Korean agro-based investors to invest in Bangladesh through joint ventures especially in the agro-processing sector.

DCCI Vice President Md Salim Solaiman and high officials from the Embassy were also present on the occasion.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
TUESDAY, 14 JANUARY 2025




Dhaka Chamber of Commerce and Industry president Taskeen Ahmed greets South Korean ambassador to Bangladesh Park Young Sik at a meeting in the capital Dhaka on Monday. DCCI senior vice-president Rajeev H Chowdhury and vice-president Md Salim Solaiman, among others, were present. — Press release

# DCCI seeks S Korean coop to raise industrial capacity

**Staff Correspondent**

THE Dhaka Chamber of Commerce and Industry on Monday sought enhanced technological cooperation from South Korea to strengthen Bangladesh's industrial capacity and attract more foreign direct investment.

During a meeting with South Korean ambassador to Bangladesh Park Young Sik, DCCI president Taskeen Ahmed highlighted the trade and investment ties between the two countries.

A press release issued by the DCCI said that bilateral trade amounted to $1.39 billion, with imports and exports recorded at $902.90 million and $491.73 million respectively in the 2023-24 financial year.

South Korea has already invested $1.56 billion in sectors like RMG, shipbuilding, leather and information technology, the press release mentioned.

Taskeen urged South Korea to hire more skilled workers from Bangladesh, noting the growing competence of young Bangladeshi freelancers in the semiconductor industry.

He also sought South Korea's support in advancing technological cooperation, emphasising the potential for FDI in emerging sectors such as electronics, automobiles, and APIs.

Ambassador Park Young Sik underscored the importance of easing visa issuance and renewal processes, speeding up customs clearance and maintaining a competitive corporate tax rate to attract foreign investors.

He praised Bangladesh's strategic location, abundant human resources and large consumer market as key strengths for FDI.

একেবারে প্রকাশের দুঃসাহস

সমকাল

মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫




ঢাকায় নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক সোমবার ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ফটো রিলিজ

# কোরিয়াকে বিনিয়োগ বাড়ানোর আহ্বান ডিসিসিআইর

■ শিল্প ও বাণিজ্য ডেস্ক

চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিকস, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে আরও বেশি হারে দক্ষিণ কোরিয়াকে বিনিয়োগের আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ গতকাল বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে এক বৈঠকে এ আহ্বান জানান।

চেম্বারের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বিনিয়োগ বাড়ানোর পাশাপাশি বাংলাদেশ থেকে আরও বেশি হারে দক্ষ মানবসম্পদ নেওয়ার আহ্বান জানান। সেমিকন্ডাক্টর শিল্পের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়ার সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি। ডিসিসিআই সভাপতি উল্লেখ করেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। দেশটি বাংলাদেশে ১৫৬ কোটি ডলার বিনিয়োগ করেছে।

রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে সহজ ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া, দ্রুত কাস্টমস ক্লিয়ারেন্স প্রক্রিয়া, বিডার সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, করপোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ কমানো অতীব জরুরি। ইলেকট্রনিকস পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে। রাষ্ট্রদূত জানান, দক্ষ মানবসম্পদ তৈরিতে বাংলাদেশের কারিগরি শিক্ষা কেন্দ্রের শিক্ষকদের প্রশিক্ষণসহ আধুনিক যন্ত্রপাতি প্রদানের মাধ্যমে কোরিয়া সহযোগিতা দিয়ে আসছে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী বাংলাদেশে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে দক্ষিণ কোরিয়ার প্রযুক্তিগত সহযোগিতা ও যৌথ বিনিয়োগের আহ্বান জানান। ঢাকা চেম্বারের সহসভাপতি সালিম সোলায়মানসহ দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

বণিক বার্তা
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫ সমৃদ্ধির সহযাত্রী

# সেমিকন্ডাক্টর শিল্পের উন্নয়নে দক্ষিণ কোরিয়ার সহযোগিতা চায় বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ থেকে আরো বেশি হারে দক্ষ মানবসম্পদ নেয়ার জন্য দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। তিনি বলেন, 'আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছেন।' এ খাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়ার সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি। একই সঙ্গে চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিকস, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে প্রযুক্তিগত সহায়তার পাশাপাশি এসব শিল্প খাতে আরো বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান।

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক গতকাল ডিসিসিআই সভাপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ আহ্বান জানান।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরই মধ্যে দেশটি এখানে ১ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

সাক্ষাৎকালে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, 'বিপুল মানবসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশী বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এছাড়া ইলেকট্রনিক পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশী বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে।'

এ সময় ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী, সহসভাপতি মো. সালিম সোলায়মানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# শিল্প খাতের সক্ষমতা বাড়াতে প্রযুক্তিগত সহায়তার জন্য দক্ষিণ কোরিয়াকে আহ্বান

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক গতকাল সোমবার সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে ডিসিসিআই সভাপতি জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ১ দশমিক ৩৯ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২ দশমিক ৯০ মিলিয়ন ও ৪৯১ দশমিক ৭৩ মিলিয়ন মার্কিন ডলার। তিনি উল্লেখ করেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়, ইতিমধ্যে দেশটি বাংলাদেশে ১ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে আরো বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি। বাংলাদেশ হতে আরো বেশি হারে দক্ষ মানবসম্পদ নেওয়ার জন্য দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি। তিনি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছে, এখাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়া সার্বিক সহযোগিতাও কামনা করেন। দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ, কাস্টমস্ ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুতকরণ, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, কর্পোরেট কর হার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা অতীব জরুরি। তিনি বলেন, বিপুল মানসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এছাড়াও ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্য-প্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

# দৈনিক বাংলা

মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫




দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে গতকাল সাক্ষাৎ করেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। ছবি: সংগৃহীত

## বাংলাদেশ থেকে আরও দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ থেকে আরও বেশি হারে দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

একই সঙ্গে চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে প্রযুক্তিগত সহায়তার পাশাপাশি এসব শিল্প খাতে আরও বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান।

গতকাল সোমবার বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান।

সাক্ষাৎকালে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুদেশের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল ১ দশমিক ৩৯ বিলিয়ন মার্কিন ডলার। যেখানে আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২ দশমিক ৯০ মিলিয়ন ও ৪৯১ দশমিক ৭৩ মিলিয়ন মার্কিন ডলার।

তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরই মধ্যে দেশটি বাংলাদেশে ১ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

বিশেষ করে চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বিনিয়োগের পাশাপাশি প্রযুক্তিগত সহায়তা চান তিনি। বাংলাদেশ থেকে আরও বেশি হারে দক্ষ মানবসম্পদ নেওয়ার জন্য দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়ে ঢাকা চেম্বারের সভাপতি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছেন। এ খাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়া সার্বিক সহযোগিতাও কামনা করেন তিনি।

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন-প্রক্রিয়া সহজ করা, কাস্টমস্ ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুত করা, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, করপোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা খুবই জরুরি।

তিনি বলেন, বিপুল মানবসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এ ছাড়া ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে।

ইনকিলাব
THE DAILY INQILAB
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# শিল্প খাতের সক্ষমতা বৃদ্ধিতে দক্ষিণ কোরিয়াকে সহায়তার আহ্বান ডিসিসিআই'র

**অর্থনৈতিক রিপোর্টার :** শিল্পখাতের সক্ষমতা বাড়াতে প্রযুক্তিগত সহায়তার আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক সাক্ষাৎ করলে তিনি এমন আহ্বান জানান।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুদেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ১ দশমিক ৩৯ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে আমদানি-রফতানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২ দশমিক ৯০ মিলিয়ন ও ৪৯১ দশমিক ৭৩ মিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরইমধ্যে দেশটি বাংলাদেশে ১ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে আরো বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি। তিনি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছে, এখাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়া সার্বিক সহযোগিতাও কামনা করেন।

অন্যদিকে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজ করা, কাস্টমস ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুত করা, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, কর্পোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা জরুরি। তিনি বলেন, বিপুল মানবসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এছাড়াও ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন। রাষ্ট্রদূত জানান, দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বাংলাদেশের কারিগরি শিক্ষা কেন্দ্রগুলোর শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানসহ আধুনিক যন্ত্রপাতি প্রদানের মাধ্যমে কোরিয়া সহযোগিতা প্রদান করে আসছে। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ করে শিল্পখাতের সক্ষমতা বাড়ানো ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য অধিক হারে জোরারোপ করা প্রয়োজন এবং এলক্ষ্যে দুদেশের যৌথ বিনিয়োগ স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বাংলাদেশে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে দক্ষিণ কোরিয়ার প্রযুক্তিগত সহযোগিতা ও যৌথ বিনিয়োগের আহ্বান জানান।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে
দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# দক্ষিণ কোরিয়াতে আরও বেশি দক্ষ মানব সম্পদ নেওয়ার আহ্বান

**অর্থনৈতিক রিপোর্টার ॥** বাংলাদেশ হতে আরও বেশি দক্ষ মানবসম্পদ নেওয়ার জন্য দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি। তিনি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছে, এ খাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়া সার্বিক সহযোগিতাও কামনা করেন তিনি।

সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সৌজন্য সাক্ষাৎ এর সময় এ সব বিষয়ে আলোচনা হয়।

সাক্ষাৎকালে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুদেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ১.৩৯ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২.৯০ মিলিয়ন ও ৪৯১.৭৩ মিলিয়ন মার্কিন ডলার। তিনি উল্লেখ করেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়, ইতোমধ্যে দেশটি বাংলাদেশে ১.৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্য-প্রযুক্তি প্রভৃতি খাতে আরও বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি।

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশী বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ, কাস্টমস্ ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুতকরণ, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, কর্পোরেট কর হার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা অতীব জরুরি। তিনি বলেন, বিপুল মানসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশী বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এছাড়াও ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্য-প্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশী বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন। রাষ্ট্রদূত জানান, দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বাংলাদেশের কারিগরি শিক্ষা কেন্দ্রসমূহের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানসহ আধুনিক যন্ত্রপাতি প্রদানের মাধ্যমে কোরিয়া সহযোগিতা প্রদান করে আসছে। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ করে শিল্প খাতের সক্ষমতা বাড়ানো ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য অধিক হারে জোরারোপ করা প্রয়োজন এবং এ লক্ষ্যে দুদেশের যৌথ বিনিয়োগ স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখতে পারে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বাংলাদেশে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে দক্ষিণ কোরিয়ার প্রযুক্তিগত সহযোগিতা ও যৌথ বিনিয়োগের আহ্বান জানান। এ সময় ঢাকা চেম্বারের সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ দুতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কালবেলা
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# বাংলাদেশের দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান

কালবেলা প্রতিবেদক

বাংলাদেশ থেকে আরও বেশি হারে দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। একই সঙ্গে চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্য-প্রযুক্তি প্রভৃতি খাতে প্রযুক্তিগত সহায়তা এবং আরও বেশি বিনিয়োগের আহ্বান জানান।

গতকাল সোমবার বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এ আহ্বান জানান।

বৈঠকে তাসকীন আহমেদ বলেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরই মধ্যে দেশটি বাংলাদেশে এক দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

ঢাকা চেম্বার সভাপতি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে বেশ ভালো করছেন।

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিপুল মানবসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এ ছাড়াও ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্য-প্রযুক্তি প্রভৃতি খাতে বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# বাংলাদেশে বিনিয়োগ প্রতিবন্ধকতা কমানোর প্রস্তাব দক্ষিণ কোরিয়ার

• নিজস্ব প্রতিবেদক

ঢাকাস্থ দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেছেন, বাংলাদেশে বিদেশি বিনিয়োগ আকর্ষণে বিনিয়োগ প্রতিবন্ধকতা দূর করতে হবে। বিশেষ করে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজীকরণ, কাস্টমস ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুতকরণ, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, করপোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা অতি জরুরি। সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে বৈঠকে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক এসব কথা বলেন। ঢাকা চেম্বারের সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারা এসময় উপস্থিত ছিলেন। পার্ক ইয়ং সিক বলেন, বিপুল মানসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এ ছাড়া ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে। রাষ্ট্রদূত জানান, দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বাংলাদেশের কারিগরি শিক্ষা কেন্দ্রগুলোর শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানসহ আধুনিক যন্ত্রপাতি প্রদানের মাধ্যমে কোরিয়া সহযোগিতা প্রদান করে আসছে। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ করে শিল্প খাতের সক্ষমতা বাড়ানো ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য অধিক হারে জোরারোপ করা প্রয়োজন এবং এ লক্ষ্যে দুই দেশের যৌথ বিনিয়োগ স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সাক্ষাৎকালে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল ১.৩৯ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে আমদানি-রফতানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২.৯০ মিলিয়ন ও ৪৯১.৭৩ মিলিয়ন মার্কিন ডলার। তিনি উল্লেখ করেন, বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়, ইতিমধ্যে দেশটি বাংলাদেশে ১.৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে আরও বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
মঙ্গলবার, ১৪ জানুয়ারি ২০২৫

# বাংলাদেশ থেকে দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান

নিজস্ব প্রতিবেদক ●
বাংলাদেশ থেকে আরও বেশি দক্ষ কর্মী নিতে দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। একই সঙ্গে চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ ও অটোমোবাইলসহ বিভিন্ন খাতে প্রযুক্তি সহায়তাসহ বিনিয়োগের আহ্বান জানান তিনি।

গতকাল সোমবার ঢাকায় নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তাসকীন আহমেদ এ আহ্বান জানান। তিনি আরও জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল এক দশমিক ৩৯ বিলিয়ন মার্কিন ডলার। যেখানে আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২ দশমিক ৯০ মিলিয়ন ও ৪৯১ দশমিক ৭৩ মিলিয়ন ডলার। বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরই মধ্যে দেশটি বাংলাদেশে এক দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

এ সময় চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিকস, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বিনিয়োগের পাশাপাশি প্রযুক্তিগত সহায়তা চান ডিসিসিআই সভাপতি। বাংলাদেশ থেকে আরও বেশি দক্ষ মানবসম্পদ নেওয়ার জন্য দক্ষিণ কোরিয়ার প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছেন। এ খাতের প্রযুক্তিগত উন্নয়নে দেশটির সহযোগিতাও চান।

জবাবে পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজ করা, কাস্টমস্ ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুত করা, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, করপোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা খুবই জরুরি। বিপুল মানসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এ ছাড়াও ইলেকট্রনিকস পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে।

এ সময় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

# শিল্পখাতের সক্ষমতা বৃদ্ধিতে দ.কোরিয়াকে সহায়তার আহ্বান ডিসিসিআইর

জ্যেষ্ঠ প্রতিবেদক
১৩ জানুয়ারি ২০২৫, ১৮:৪০

1 Shares
অ+ অ-




**শিল্পখাতের সক্ষমতা বাড়াতে প্রযুক্তিগত সহায়তার আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।**

সোমবার (১৩ জানুয়ারি) ডিসিসিআই'র সভাপতি তাসকীন আহমেদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক সাক্ষাৎ করলে তিনি এমন আহ্বান জানান।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে দুদেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ১.৩৯ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯০২.৯০ মিলিয়ন ও ৪৯১.৭৩ মিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশে বিনিয়োগকারী দেশ হিসেবে দক্ষিণ কোরিয়ার অবস্থান তৃতীয়। এরইমধ্যে দেশটি বাংলাদেশে ১.৫৬ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

চামড়া ও চামড়াজাত পণ্য, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, এপিআই, অটোমোবাইল, ইলেকট্রনিক্স, সেমিকন্ডাক্টর, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে আরো বেশি হারে বিনিয়োগের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি।

তিনি বলেন, আমাদের শিক্ষিত তরুণ ফ্রিল্যান্সাররা সম্প্রতি সেমিকন্ডাক্টর শিল্পে ডিজাইন তৈরিতে বেশ ভালো করছে, এখাতের প্রযুক্তিগত উন্নয়নে দক্ষিণ কোরিয়া সার্বিক সহযোগিতাও কামনা করেন।

অন্যদিকে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে ভিসা প্রদান ও নবায়ন প্রক্রিয়া সহজ করা, কাস্টমস ক্লিয়ারেন্স প্রক্রিয়া দ্রুত করা, বিডা প্রদত্ত সেবা প্রদান প্রক্রিয়া বেগবান করা, কর্পোরেট করহার সহনীয় পর্যায়ে রাখা এবং লজিস্টিক খরচ হ্রাস করা জরুরি।

তিনি বলেন, বিপুল মানবসম্পদ, ভৌগোলিক অবস্থান, বৃহৎ ভোক্তা বাজার প্রভৃতির ফলে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। এছাড়াও ইলেকট্রনিক্স পণ্য, মোবাইল, অটোমোবাইল, তথ্যপ্রযুক্তি প্রভৃতি খাতে বাংলাদেশে বিদেশি বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন। রাষ্ট্রদূত জানান, দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বাংলাদেশের কারিগরি শিক্ষা কেন্দ্রগুলোর শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানসহ আধুনিক যন্ত্রপাতি প্রদানের মাধ্যমে কোরিয়া সহযোগিতা প্রদান করে আসছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশের এলডিসি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ করে শিল্পখাতের সক্ষমতা বাড়ানো ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য অধিক হারে জোরারোপ করা প্রয়োজন এবং এলক্ষ্যে দুদেশের যৌথ বিনিয়োগ স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বাংলাদেশে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে দক্ষিণ কোরিয়ার প্রযুক্তিগত সহযোগিতা ও যৌথ বিনিয়োগের আহ্বান জানান।